

TheBengalStory

Home > Editor's choice >

মুখ্যমন্ত্রীর দুয়ারে সরকার ও দিদিকে বলো কর্মসূচির প্রসংশায় অমর্ত্য সেনের প্রতীচী ট্রাস্ট


THE
BENGAL
STORY

Written By নিজস্ব প্রতিনিধি

Published On Saturday, July 24th, 2021, 12:30:11 PM IST

EDITOR'S CHOICE

Last Updated Saturday, July 24th, 2021, 1:57:43 PM IST



মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির প্রকল্পের প্রসংশায় পঞ্চমুখ অমর্ত্য সেনের প্রতীচী ট্রাস্ট। তাদের একটি সমীক্ষার রিপোর্টে ‘দিদিকে বলো’এবং ‘দুয়ারে সরকার-এর প্রসংশা করা হয়েছে। বলা হয়েছে, দুয়ারে সরকার কর্মসূচির মাধ্যমে প্রায় পৌনে তিন কোটি মানুষ উপকৃত হয়েছেন। অন্যদিকে দিদিকে বলো নম্বরে যাঁরা ফোন করেছিলেন, তাঁদের মধ্যে ৯৫ শতাংশই উপকার পেয়েছেন। এই প্রকল্পের মাধ্যমে অনলাইনে ১০ লক্ষেরও বেশি অভিযোগ নিয়ে কাজ করা হয়েছে।

বিধানসভা নির্বাচনের আগে মমতা ব্যানার্জির উদ্যোগে চালু হয় দুয়ারে সরকার। এই কর্মসূচির মাধ্যমে বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা নিতে পারবেন সাধারণ মানুষ বলে জানানো হয়। এলাকায় এলাকায় ক্যাম্প চালু করা হয়। সেই ক্যাম্প থেকে খাদ্যসার্থী, স্বাস্থ্যসার্থী, শিক্ষাশ্রী, কন্যাশ্রী, রূপশ্রী, ঐক্যশ্রী, জাতিগত শংসাপত্র, তফসিলি বন্ধু, জয় জোহার, কৃষকবন্ধু এবং ১০০ দিনের কাজ সব প্রকল্পের সুবিধা পাচ্ছেন সাধারণ মানুষ।

পাশাপাশি রাজ্যবাসীর সমস্যা, অভিযোগ শোনার জন্য চালু হয় দিদিকে বলো কর্মসূচি। ২০১৯ সালের শুরু হয় দিদিকে বলো প্রকল্প। একটি নম্বর দেওয়া হয়। সেই নম্বরে ফোন করে অভাব, অভিযোগ জানাতে থাকেন সাধারণ মানুষ। এই প্রকল্পের মধ্য দিয়ে বাংলার দিদি হিসেবে মমতা ব্যানার্জি পরিচিত হয় আরও

বেশি।

প্রতীচীর সমীক্ষায় আরও বলা হয়েছে, মুখ্যমন্ত্রীর এই দুটি কর্মসূচির মাধ্যমে প্রায় ৪৫ শতাংশ মহিলা উপকৃত হয়েছেন। কন্যাশ্রী, রূপশ্রী, বিধবা ভাতার মতন প্রকল্পে ভালো সাড়া পাওয়া গেছে বাংলার মহিলাদের।



didike bolo

duyare sarkar

Top Story